গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.netrokonasadar.netrokona.gov.bd

বিষয় : ফেব্রুয়ারি ২০২৪ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী
সভাপতি : জনাব তানিয়া তাবাসসুম, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার তারিখ : ২৮.০২.২০২৪
সময় : সকাল- ১০.০০ ঘটিকা
সভার উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরঃ হাজিরা খাতায় সংরক্ষিত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার পরিস্থিতির উপর আলোচনার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। অতপরঃ উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার উপর আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্র নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১.</td><td>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, নেত্রকোণা সদর, উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তবুও আইন শৃঙ্খলার সুক্ষ্ম বিষয়াদি বিশ্লেষণের জন্য অফিসার ইনচার্জ নেত্রকোণা সদর মডেল থানাকে অনুরোধ জানান। অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা জানান যে, জানুয়ারি ২০২৪ মাসে নেত্রকোণা মডেল থানায় দায়েরকৃত মামলা নিম্নরুপ ঃ
<table>
<tr><th>সিধেল চুরি/ চুরি</th><th>নারী ও শিশু নির্যাতন</th><th>খুন</th><th>চোরা চালান</th><th>ধর্ষন</th><th>মাদক</th><th>গরু চুরি</th><th>অন্যান্য</th><th>মোট</th></tr>
<tr><td>০১</td><td>০৩</td><td>০১</td><td>০২</td><td>-</td><td>১৮</td><td>-</td><td>১৯</td><td>৪০</td></tr>
</table>
তিনি জানান জুয়া, মাদক, চুরি ও সামাজিকভাবে আইন-শৃঙ্খলার অবনতি হয় এমন বিষয়ে তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জুয়া, মাদক, চুরি ওয়ার্ড পর্যায়ে কমিটি গঠন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।</td><td>পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা।</td></tr>
<tr><td>২.</td><td>চেয়ারম্যান, মৌগাতী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো।</td><td>পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা।</td></tr>
<tr><td>৩.</td><td>চেয়ারম্যান, মেদনী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন।</td><td>পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা।</td></tr>
<tr><td>৪.</td><td>চেয়ারম্যান, ঠাকুরাকোণা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন।</td><td>পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা।</td></tr>
<tr><td>৫.</td><td>সিংহের বাংলা ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান, জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন।</td><td>পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা।</td></tr>
<tr><td>৬.</td><td>আমতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন।</td><td>পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা।</td></tr>
</table>

CamScanner

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭. | চেয়ারম্যান, লক্ষীগঞ্জ ইউপি সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তার ইউনিয়নে ষাঁড়ের লড়াই নিয়ে জুয়া খেলা হয়। তিনি ষাঁড়ের লড়াই বন্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। ইভটিজিং এর মাত্রা বেড়ে গেছে। উঠতি বয়সের ছেলেরা দোকানে বসে বিভিন্ন বাচন ভঙ্গিতে কথা বলে। তিনি ইভটিজিং বন্ধে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান। | ষাঁড়ের লড়াই বন্ধে ব্যবস্থা গ্রহণ এবং ষাঁড়ের লড়াই আয়োজনকারীদের তালিকা থানায় প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ০৮ | চেয়ারম্যান, মেদনী ইউপি জানান তার ইউনিয়নের মধ্য দিয়ে দুই/তিন মাস ধরে চোরা চালানের মাধ্যমে ট্রাকে করে ভারতীয় চিনি আসছে। উক্ত চিনির চোরা চালান রোধ করার জন্য অনুরোধ জানান। চোলাচালানকে কেন্দ্র করে যেকোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। | চিনির চোরা চালান রোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। চেয়ারম্যান, মেদনী ইউনিয়ন পরিষদ |
| ০৯ | প্যানেল চেয়ারম্যান, সিংহের বাংলা ইউপি জানান বাংলা কৃষ্ণগোবিন্দ উচ্চ বিদ্যালয়ের সামনে সোলেমান নামে এক ব্যক্তি অটোস্ট্যান্ড বসিয়ে অবৈধভাবে টাকা তোলে। উক্ত স্ট্যান্ড যানজট সৃষ্টি করছে। তিনি অটো স্ট্যান্ড বন্ধ করার জন্য অনুরোধ জানান। | সরেজমিন যাচাই-বাছাই করে বাংলা কৃষ্ণগোবিন্দ উচ্চ বিদ্যালয়ের সামনে অটোস্ট্যান্ড বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ০৯ | প্রতিনিধি, নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় জানান বিদ্যালয়ের সামনে ভাসমান দোকান বসে। বিদ্যালয়ে শিক্ষার্থীরা প্রবেশ ও ছুটির সময় যানজট সৃষ্টি করে। দোকানে বসে কিছু ছেলে ইভটিজিং করে। | বিদ্যালয়ের সামনে ফেরী দোকান বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি)<br><br>অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ১০ | প্রতিনিধি আঞ্জুমান আর্দশ সরকারি উচ্চ বিদ্যালয় জানান, তার বিদ্যালয়ের পরিত্যাক্ত হোস্টেলের পিছন থেকে নেত্রকোণা পৌরসভাস্থ কুড়পাড় এলাকার সেলিম মিয়া নামে এক ব্যক্তি মাদক ব্যবসা করে। বিদ্যালয়ের পরিবেশ নষ্ট করছে। তিনি মাদক ব্যবসায়ীকে আইনের আওতায় আনার জন্য অনুরোধ জানান। | মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ৮. | চেয়ারম্যান, কাইলাটি ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, লরী দিয়ে মাটি নিয়ে ইউনিয়নের কাচা রাস্তাগুলো নষ্ট করে ফেলেছে। এ বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য সভায় অনুরোধ জানান। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ৯. | দক্ষিণ বিশিউড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ১১. | রৌহা ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ১২. | প্যানেল চেয়ারম্যান, কে-গাতী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি আরো জানান যে, দামরীহালা বাজারে জুয়া খেলা, গাঁজা ও ভারতীয় মদ সেবনের আসর বসে। এ বিষয়ে পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ১৩. | চেয়ারম্যান, মদনপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, মদনপুর হজরত শাহা সুলতান কমর উদ্দনি রুমী (রা:) মাজারের বার্ষিক ওরস সুষ্ঠু ও সুন্দরভাবে শেষ হয়েছে।এজন্য মাননীয় জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইন-চার্জ, নেত্রকোনা মডেল থানাকে ধন্যবাদ জানান। তাছাড়া তিনি আরো জানান ইউনিয়নের | (১) জুয়া খেলা বন্ধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) জুয়া খেলা বন্ধে কেন্দুয়া উপজেলা নির্বাহী | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | বর্ডারে কেন্দুয়া উপজেলার পাশে আশুজিয়া ইউনিয়নে জুয়া খেলা হয়। এখানে মদনপুর ইউনিয়নের লোকজন জড়িত আছে। এমদাদ নামে একব্যক্তি জুয়ার আসরের আয়োজন করে। এছাড়া আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। | অফিসারকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৪ | আনাসার ও ভিডিপি কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদসহ সরকার নির্দেশিত যে কোন চাহিদার ভিত্তিতে নিরাপত্তা জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাল্যবিবাহ বন্ধে সকল ইউপি চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। | বাল্যবিবাহ বন্ধে প্রতিমাসে ইউনিয়ন পরিষদ/ জনবহুল স্থানে ০২টি সচেতনতামূলক উঠান বৈঠক করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬. | ভাইস চেয়ারম্যান, জনাব আব্দুল খালেক তালুকদার জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি জানান মাদকের উপদ্রব বেড়ে গেছে। তিনি ব্যবসায়ী ও মাদকসেবীদের ধরে আইনের আওতায় আনার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ করেন। তাছাড়া বর্তমানে কিশোরেরা দলবদ্ধ হয়ে উপজেলা পরিষদ চত্বর, বিভিন্ন রাস্তায় ও স্কুল-কলেজের সামানে ইভটিজিং সহ নানা ধরনের অপরাধ করছে। তার কিশোর গ্যাং নামে পরিচিত লাভ করছে। তাই কিশোর গ্যাং নিয়ন্ত্রণ করার জন্য সভায় অনুরোধ জানান। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদসহ সকল গুরুত্বপূর্ণ স্থাপনায় কিশোর গ্যাং নিয়ন্ত্রণ পুলিশ টহল জোরদারসহ আইনগত ব্যবস্থা গহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা জানান যে, আগামী ০৯ মার্চ ২০২৪ তারিখে রৌহা ও সিংহের বাংলা ইউনিয়নে চেয়ারম্যান পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে আইন-শৃঙ্খলার অবনতি যাতে না হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ জানান। মেদনী ইউনিয়নের চোরা চালান বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ জানান। চল্লিশা ইউনিয়নের নূরপুর জামে মসজিদের ইমামের ছেলে অত্যান্ত সৎ মানুষ। তার বিরুদ্ধে মিথ্যা মামলা প্রত্যাহার করার জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ জানান। পুলিশ, প্রশাসন ও জনপ্রতিনিধি সবাই মিলে কাজ করলে আইন শৃংখলা পরিস্থিতি অবনতি হওয়ার সম্ভবনা থাকবেনা। এছাড়া তিনি ইউনিয়নের ছোট ছোট সমস্যা আলোচনার মাধ্যমে সমাধান করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। সদর উপজেলায় চুরি, মাদক, জুয়া বন্ধের ব্যাপারে পুলিশের পাশাপাশি ইউপি চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করেন।

সভাপতি ইউনিয়ন পর্যায়ে স্বেচ্ছাসেবক কমিটি গঠন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। গ্রাম পুলিশদের সহায়তায় জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তিনি মাদকের ব্যাপকতা, জুয়ার ব্যাপকতা দেখলে মোবাইল কোর্টের মাধ্যমে তা নিয়ন্ত্রণে আনা হবে বলে জানান। এছাড়া তিনি মাদক, ইভটিজিং ও কিশোর গ্যাং বিষয়ে কোন ছাড় দেয়া হবে না মর্মে জানান। গ্রাম আদালতের মাধ্যমে ইউনিয়নের বিভিন্ন সমস্যা সমাধান করার পরামর্শ প্রদান এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নসহ সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ করেন।

তিনি চুরি, কিশোর গ্যাং ও মাদক, জুয়া ও ইভটিজিং বন্ধসহ পুলিশি টহল বৃদ্ধি করার জন্য অফিসার ইন-চার্জ নেত্রকোণা সদর মডেল থানাকে অনুরোধ জানান। আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা কামনা করেন।

CamScanner

আগামী ০৯ মার্চ ২০২৪ তারিখে রৌহা ও সিংহের বাংলা ইউনিয়নে চেয়ারম্যান পদে উপনির্বাচন যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হয় এজন্য সকলের সহযোগিতা কামনা করেন। উক্ত নির্বাচনে আইন-শৃংখলা রক্ষায় যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাছাড়া মেদনী ইউনিয়নের চোরাচালন বন্ধে ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/২/২৪

(তানিয়া তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি

স্মারক নম্বর- ০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০১.১৯- তারিখ: ২৮.০২.২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. মাননীয় সংসদ সদস্য, ১৫৮, নেত্রকোণা-০২।
২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।

অনুলিপি কার্যার্থে:

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৩. সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক............................................কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্‌রাসা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৫. উপজেলা ..........................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা।
৭. চেয়ারম্যান ................................................, ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।

২৮/২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা